



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৪৪৫৫/৬৫৮


তারিখ : ২২-০২-২০২৩

বিষয় : চলমান ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে।

সূত্র : জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট এর ০৮-১২-২০২২ খ্রি. তারিখের জেশিঅবা/২০২২/৭৮৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মো: মিজানুর রহমান অভিযোগ করলে জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট-কে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রবিধান-২০০৯ এর ০২ ও ১০ (ঘ) ধারা লংঘিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না তার জবাব চেয়ে প্রধান শিক্ষককে পত্র দেয়া হয়। প্রধান শিক্ষক কারণ দর্শানো জবাব দাখিল করেছেন। প্রধান শিক্ষকের জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠাতা সদস্য বিধি সম্মত না হওয়ায়, ভোটার তালিকায় ০২ জন মৃত ব্যক্তিকে ভোটার করা, একই ব্যক্তিকে ভোটার তালিকায় ০২ বার ভোটার করা এবং একই শিক্ষার্থীকে ০২ শ্রেণিতে দেখিয়ে শিক্ষার্থীর পিতা ও মাতাকে ভোটার করা হয়েছে যাহা প্রবিধান-২০০৯ এর ০২ ও ১০ (ঘ) ধারার পরিপন্থী। এমতাবস্থায়, ভোটার তালিকা ত্রুটিপূর্ণ হওয়ায় এবং উক্ত ভোটার তালিকায় ম্যানেজিং কমিটির নির্বাচন বিধি সম্মত হয়নি বিধায় চলমান ম্যানেজিং কমিটি প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী বাতিল করা হলো।

প্রধান শিক্ষক ও সদস্য সচিব, ম্যানেজিং কমিটি  
উজলকুড় মাধ্যমিক বিদ্যালয় ( ১১৫১৭৮ )  
বাবুরহাট, রামপাল  
বাগেরহাট।

  
22/02/23  
(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর  
ফোন : ০২৪৭৭৬২৭০৫

  
22/02/2023

স্মারক নং- বিঅ-৬/৪৪৫৫/৬৫৮

তারিখ : ২২-০২-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়, বাবুরহাট, রামপাল, বাগেরহাট।
- ৭। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর